দর্শনায় তৈয়ব সংগঠনের কর্মী সমাবেশ অনুষ্ঠিত

দর্শনা কেরু এ্যান্ড কোম্পানীর শ্রমিক কর্মচারী ইউনিয়নের সাবেক সভাপতি তৈয়ব আলী সংগঠনের কর্মী সমাবেশ অনুষ্টিত হয়েছে।

আজ রবিবার সন্ধা ৬ টায় তৈয়ব সংগঠনের নিজস্ব কার্যালয়ে এ কর্মী সমাবেশ অনুষ্টিত হয়। উক্ত কর্মী সভায় আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে, প্রধান অতিথী হিসাবে বক্তব্য রাখেন তিন বারের সাবেক সভাপতি তৈয়ব আলী।

এ সময় তিনি বলেন,আগামী ২৫ সালের নির্বাচন খুবুই গুরুত্বপূর্ণ। তাই শ্রমিক ভাইদের প্রতি আশা আগামী নির্বাচনে আপনারা ভুল পথে পা বাড়াবেন না। আমি শ্রমিকদের ন্যায্য অধিকার যা আছে সব ফিরিয়ে আনবো। তাই আপনাদের কাছে অনুরোধ আপনারা আমার ক্ষমতায় নিয়ে আসেন তারপর আপনার অধিকার ফিরিয়ে দেবো।আপনাদের বিবেক বৃদ্ধি দিয়ে আমাকে ক্ষমতায় নিয়ে আসেন। আপনাদের ভয়ের কোন কারন নেই আপনাদের সাথে আছি থাকবো।

এ সময় শ্রমিকদের মধ্যে আরও বক্তব্য রাখেন, নুরুল ইসলাম সুরুজ, ফারুক আহম্মেদ, সাইফুদ্দিন সুমন, জাহিদুল ইসলাম, আব্বাস আলী প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন মনিরুল ইসলাম ঝন্টু।

দর্শনায় মাসুদ সংগঠনের দোয়া ও আলোচনা সভা

চুয়াডাঙ্গার দর্শনায় কেরু এ্যান্ড কোম্পানির শ্রমিক কর্মচারী ইউনিয়নের ৯ম বারের সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদ সংগঠন কার্যালয়ে দোয়া ও আলোচনা সভা অনুষ্টিত হয়েছে।

আজ রবিবার (৪ ফেব্রুয়ারি) সকাল ১০ টায় মাসুদ সংগঠনের নিজস্ব কার্যালয়ে সি ডি এ সাহেব আলী শিকদারের সভাপতিত্বে এ আলোচনা সভা

অনুষ্টিত হয়।

এ আলোচনা ও কর্মী সমাবেশে প্রধান অতিথী হিসাবে বক্তব্য রাখেন,কেরু শ্রমিক কর্মচারী ইউনিয়নের ৯ম বারের সফল সাধারন সম্পাদক ও বাংলাদেশ চিনিকল ফেডারেশনের দুবারের সভাপতি মাসুদুর রহমান মাসুদ বলেন, আগামী ২৫ সালের নির্বাচনে আমার উত্তরসূরি সৌমিক হাসান রুপমকে দায়িক্তভার অর্পন করছি। আমার শ্রমিকদের অসমাপ্ত কাজগুলো সে করবে। তাই আগমী ২৫ সালের নির্বাচনে সবাই কাধেঁ কাধ মিলিয়ে রুপমকে নির্বাচিত করতে হবে। শ্রমিতদের স্বার্থে যে কোন কাজ সাথে থেকে শ্রমিকদের স্বার্থ হাসিল করবো। তাই আসুন আমরা দীর্ঘদিনের সংগঠন টিকিয়ে রাখতে মাসুদ সংগঠনকে শক্তিশালী করে রুপমকে আগামী নির্বাচনে জয়লাভ করাতে পারি সে আশা ব্যাক্ত করেন তিনি।

দোয়া ও আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন, শ্রমিক ইউনিয়নের সহ সম্পাদক, মোস্তাফিজুর রহমান, সাংগঠিনক সম্পাদক ইকবাল হোসেন, এ এস এম কবির, সাবেক সহ সম্পাদক খবির উদ্দিন, কেরুর সাবেক সি ডি এ, মাওলা বক্স, সিডিএ এনায়েতুল্লাহ, আব্দুল মান্নান জামাত আলী, শহিদুল ইসলাম, সহ সম্পাদক মোস্তাফিজুর রহমান, সাংগঠনিক সম্পাদক ইকবাল হোসেন,কেরুর শ্রমিক কর্মচারী ইউনিয়নের সদস্য শরিফুল ইসলাম, সদস্য আমিনুল, সদস্য মজিবর, ইদ্রিস, আজাদুল ইসলাম দপ্তর সম্পাদক সালাউদ্দিন সনেট, আতিয়ার হেড ক্যাশিয়ার রেজানুর রাজিব,হিসাব সহকারী বুলু আমিন, হিসাব সহকারী মনির উদ্দিন ভৃইয়া, সাজেদুর রহমান তুফান,আরিফুল ইসলাম আরুক, ড্রাইভার আলামিন শেখ, হেলফার আমজাদ আলী, ডলার, শান্ত, রকি, সিডিএ আব্দুল কাদের মাঈন উদ্দিন, আকবার বাবু, মশিউর রহমান, মাহবুবুর রহমান, সিডিএ এস এম জাহাঙ্গীর, সি আইসি আসাদুজ্জামান, সি আই সি কাজল চন্দ্রদাস, ক্যাশিয়ার মতিউল, লিটন,আতিয়ার, সাজু সবুজ,সদস্য মহায়মানুল হাসান রকি, মতিয়ার বড় বাবু,সাকি মাহমুদ,সুইট সাইদ ড্রাইভার, জিন্টু ড্রাইভার, লিটন বয়লার ফিরোজ আহম্মেদ টিটু, জিল্লু, শাহিন ইমরান, কবির প্রমুখ।

সদস্য আমিনুল, সদস্য মজিবর, ইদ্রিস, আজাদুল ইসলাম দপ্তর সম্পাদক সালাউদ্দিন সনেট, আতিয়ার হেড ক্যাশিয়ার রেজানুর রাজিব, হিসাব সহকারী বুলু আমিন, হিসাব সহকারী মনির উদ্দিন ভৃইয়া, সাজেদুর রহমান তুফান, আরিফুল ইসলাম আরুক, ড্রাইভার আলামিন শেখ, হেলফার আমজাদ আলী, ডলার, শান্ত, রকি, সিডিএ আব্দুল কাদের মাঈন উদ্দিন, আকবার বাবু, মশিউর রহমান, মাহবুবুর রহমান, সিডিএ এস এম

জাহাঙ্গীর, সি আইসি আসাদুজ্জামান, সি আই সি কাজল চন্দ্রদাস, ক্যাশিয়ার মতিউল, লিটন, আতিয়ার, সাজু সবুজ, সদস্য মহায়মানুল হাসান রকি।

অনুষ্ঠানটি পরিচালনা করেন, কেরু এ্যান্ড কোম্পানির শ্রমিক ওয়েপি খন্দকার কায়েস আব্দুল্লা। এ সমাবেশে প্রায় ৭শ শ্রমিক কর্মচারী অংশ নেয়। অনুষ্ঠান শেষে শ্রমিকদের মাঝে কাঙ্গালী ভোজ অনুষ্টিত হয়।

মেহেরপুরে নিরাপদ সড়ক ও ফুটপাত দখলমুক্ত করার দাবিতে মানববন্ধন

মেহেরপুরে নিরাপদ সড়ক, অবৈধ যানবাহন চলাচল বন্ধ ও ফুটপাত দখল মুক্ত করার দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

“নিরাপদ সড়ক,অবৈধ যানবাহন চলাচল বন্ধ ও দখলমুক্ত ফুটপাত চাই”এই প্রতিপাদ্যে শুক্রবার (২ ফেব্রুয়ারি) বিকেলে মেহেরপুর প্রেস ক্লাবের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

ভলেন্টিয়ার ফর বাংলাদেশ (ভিবিডি) মেহেরপুর জেলা শাখা আয়োজিত মানববন্ধনে ভলেন্টিয়ার ফর বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার সভাপতি তানজীমুল, সাধারণ সম্পাদক নাফিউল, সহ-সভাপতি রাব্বি, কোষাধক্ষ আনাস, মানব সম্পদ কর্মকর্তা ইমতিয়াজ, মেহেরপুর কলেজ অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজির ভাইস প্রিন্সিপাল খন্দকার মুইজ, সোসিয়াল অ্যাক্টিভিটিস্ট ও মেহেরপুর উদ্যোক্তা অ্যাসোসিয়েশনের সভাপতি শরিফুল ইসলাম পলাশ বক্তব্য রাখেন।

এছাড়াও এসময় তুরজাউন,বাপ্পি,তানভীরসহ বিভিন্ন কলেজের শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

বক্তাগণ তাদের বক্তব্যে বলেন মেহেরপুরে যানজট নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা ও অবৈধ ফুটপাত দখলমুক্ত করতে হবে। এছাড়াও আরো

গুরুত্বপূর্ণ সচেতনতামূলক বিষয়ে বক্তাগণ বক্তব্য রাখেন।

উল্লেখ্য, ৩১ জানুয়ারি মেহেরপুর শহরে বাঁশের গুড়িভর্তি বেপরোয়া গতির লাটাহাম্বারের ধাক্কায় একজন এলজিইডির অফিস সহকারী প্রাণ হাড়ায়।

ঝিনাইদহে মালিতা ফাউন্ডেশনের উদ্যোগে শীতার্তদের মাঝে শীত বস্ত্র বিতরণ

উত্তরের হিমেল হাওয়া আর কনকনে শীতে ঝিনাইদহে অসহায়, ছিন্নমূল, গরীব ও দু:স্থ্য মানুষের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়েছে। মালিতা ফাউন্ডেশনের উদ্দ্যোগে আজ বৃহস্পতিবার বিকালে এ শীত বস্ত্র বিতরণ করা হয়।

শীত বস্ত্র বিতরণ অনুষ্ঠানের উদ্ধোধন করেন মালিতা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক ও আন্তর্জাতিক মানবাধিকার কর্মী আনোয়ারুজ্জামান আজাদ চঞ্চল।

সেসময় প্রায় ৪ শতাধিক অসহায়, ছিন্নমূল, গরীব ও দু:স্থ্য মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়। শীত বস্ত্র পেয়ে অসহায় হতদরিদ্র মানুষগুলো সন্তুষ্টি প্রকাশ করেন।

উল্লেখ্য, ২০২৩ সালে প্রয়াত ভাষা সৈনিক ও বীর মুক্তিযোদ্ধা এডভোকেট আমির হোসেন মালিতার স্মরণে আত্ম মানবতার সেবায় মালিতা ফাউন্ডেশনের যাত্রা শুরু করে।

এপেক্স ক্লাব অব ঝিনাইদহের উদ্যোগে শীর্তাতদের মাঝে শীত বস্ত্র বিতরণ

উত্তরের হিমেল হাওয়া আর কন কনে শীতে অসহায়, গরীব ও দু:স্থ্য শীতার্ত মানুষদের মাঝে একটু উঞ্চতা দিতে এপেক্স ক্লাবের উদ্যোগে শীত বস্ত্র (কম্বল) বিতরণ করা হয়েছে।

আজ বুধবার (৩১ জানুয়ারি) বিকালে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে এপেক্স ক্লাব অব ঝিনাইদহের উদ্যোগে এ শীত বস্ত্র বিতরণ করা হয়।

শীত বস্ত্র বিতরণ অনুষ্ঠানের সভাপতিত্ব করেন সাবেক প্রেসিডেন্ট এপেক্সসিয়ান নাজিম উদ্দীন জুলিয়াস।

এসময় উপস্থিত ছিলেন সিনিয়র এপেক্সসিয়ান ফ্লোর মেম্বর এমএ কাইয়ুম মুক্ত, সাবেক প্রেসিডেন্ট আইপিপি এম রায়হান, বর্তমান প্রেসিডেন্ট আবুল কালাম আজাদ, সাবেক সেক্রেটারী এপেক্সসিয়ান শহিদুল ইসলাম টিটু, কোষাধ্যক্ষ কে এম সালেহ, ফেলোসিপ পাবলিক রিলেশন ডাইরেক্টর শাহানুর আলম, বর্তমান সেক্রেটারি তরিকুল ইসলাম দিদার সহ অন্যান্যরা।

সে সময় ঝিনাইদহ শহরের ১’শত শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়।

ঝিনাইদহে জাহেদী ফাউন্ডেশনের উদ্যোগে কম্বল বিতরণ

ঝিনাইদহে জাহেদী ফাউন্ডেশনের উদ্যোগে কম্বল বিতরণ কর্মসুচিতে ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য নাসের শাহরিয়ার জাহেদী মহুল প্রধান অতিথি হিসেবে এই কম্বল বিতরণের উদ্বোধন ঘোষণা করেন ।

আজ শনিবার (২৭ জানুয়ারি) দুপুরে ঝিনাইদহ পৌর পার্কে দুস্থ ও অসহায়দের মাঝে ৫হাজার কম্বল বিতরণ করা হয়। কম্বল বিতরণ কালে আলোচনা সভায় তিনি বলেন, ঝিনাইদহে কোন সন্ত্রাস, চাঁদাবাজ ও মাদক ব্যবসায়ী থাকবে না। যেখানেই এই তিন অপশক্তি থাকবে সেখানেই প্রতিরোধ ও দমন করা হবে। নতুন রুপে এই শহরকে গড়ে তোলা হবে। এ জন্য তিনি ঝিনাইদহ ও হরিণাকুন্ডুবাসির সহায়তা চান।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী মহুল, পোড়াহাটীর ইউনিয়নের চেয়ারম্যান ঝিনাইদহ সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম হিরণ, বাস মিনিবাস মালিক সমিতির নেতা মোহাম্মদ আলী কানু, জেলা জাতীয় শ্রমিক লীগের সভাপতি আক্কাচ আলী, জাহেদী ফাউন্ডেশনের জেলা সমন্বয়ক তবিবুর রহমান লাবু উপস্থিত ছিলেন।

এমপি মহুল আরো বলেন, ঝিনাইদহের উন্নয়নে একটি রোডম্যাপ প্রণয়ন করা হবে। সে মোতাবেক অগ্রাধীকার ভিত্তিতে মানুষের চাহিদা মোতাবেক তা নিশ্চিত করতে হবে।

দর্শনায় কেরুর অবসরপ্রাপ্ত শ্রমিক ও কর্মচারী কল্যাণ ট্রাস্টের সভা

দর্শনা ঐতিহ্যবাহী কেরু চিনিকলের অবসরপ্রাপ্ত শ্রমিক ও কর্মচারী কল্যাণ ট্রাস্টের ২য় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সকাল দশটার দিকে কেরুজ শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সাবেক সভাপতি তৈয়ব আলীর নেতৃত্বাধীন সূর্যসেনা শ্রমজীবী সংগঠনের অফিস প্রাঙ্গণে এ সভা অনুষ্ঠিত হয়।

সূর্যসেনা শ্রমজীবী সংগঠনে প্রতিষ্ঠাতা সভাপতি ও কল্যান ট্রাস্টের আহবায়ক (সিআইসি) হাফিজুল ইসলাম প্রধান আলোচক হিসাবে বক্তব্যে বলেন, সংস্থাটি প্রতিষ্ঠিত হওয়ার পর কেরুর অবসরপ্রাপ্ত

শ্রমিক ও কর্মচারীদের কল্যাণে অবিরাম কাজ করে যাচ্ছে। এরই মধ্যে দীর্ঘদিনের প্রতীক্ষিত ১৮ মাসের অর্জিত ছুটির বকেয়া অর্থ বাস্তবায়নের পথে।

তিনি বলেন কর্তৃপক্ষ, শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহমেদ সবুজ ও সাধারণ সম্পাদক মাসুদুর রহমান মাসুদ উক্ত সংস্থাটির নেতাকর্মীদের প্রতিশ্রুতি দিয়েছে আগামী ফেব্রুয়ারি মাসের প্রথম সপ্তাহে আঠারো মাসের অর্জিত ছুটির বকেয়া অর্থ প্রদান করা হতে পারে। এছাড়া কর্তনকৃত সংরক্ষিত ৫% এর অর্থ ফেরত প্রদানের ও নিষ্পত্তিকৃত অডিট আপত্তির অর্থ ফেরত দেওয়ার জন্য বক্তারা দাবি রাখেন।

আলোচনা সভায় আরো উপস্থিত ছিলেন, সদস্য সচিব জুলফিকার হায়দার, সাংগঠনিক সম্পাদক শাহ আলম, দপ্তর সম্পাদক মোশাররফ হোসেন, ক্যাশিয়ার আহমদ হোসেন, কার্যকরী সদস্য আব্দুল জলিল, আব্দুল হান্নান, আতিয়ার রহমান, একরামুল হক।

আলমডাঙ্গায় রেড ক্রিসেন্ট সোসাইটির উদ্যোগে কম্বল বিতরণ

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি চুয়াডাঙ্গা ইউনিটির উদ্যোগে শীর্তাতদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

আজ বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে আলমডাঙ্গায় এ কম্বল বিতরণ করা হয়। আলমডাঙ্গার ডাকবাংলো চত্বরে শতাধিক মানুষের মাঝে এ কম্বল বিতরণ করা হয়।

কম্বল বিতরণকালে উপস্থিত ছিলেন- রেড ক্রিসেন্ট সোসাইটি চুয়াডাঙ্গা ইউনিটির সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম সান, সদস্য এনটিভির চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি এ্যাডভোকেট রফিকুল ইসলাম,সদস্য চুয়াডাঙ্গা পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আব্দুল

কাদের, সদস্য হাবিবুল্লাহ জোয়ার্দ্দার ছটি,আজীবন সদস্য সিরাজুল ইসলাম,সদস্য মাহমুদুল কাউনাইনসহ আরও অনেকে।

মেহেরপুর বড় বাজার স্বপ্নচূড়া সংগঠনের আনন্দ ভ্রমণ আয়োজনে আলোচনা

মেহেরপুর বড় বাজার স্বপ্নচূড়া সংগঠনের আনন্দ ভ্রমণ আয়োজন উপলক্ষে বড় বাজার কাঁচামাল আড়তে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (২০ জানুয়ারি) সন্ধ্যা সাতটার সময় বড়বাজার কাঁচামাল আড়তে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সাধারণ সম্পাদক সুজনের সঞ্চালনায় উপস্থিত ছিলেন সভাপতি শফিক, সহ-সভাপতি আলম, যুগ্ম সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম দুলাল, কোষাধ্যক্ষ রাসেল, সদস্য জুয়েল, সুমন্ত, ফেরদৌস।

এসময় মেহেরপুর বড়বাজার স্বপ্নচূড়া সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদসহ উপস্থিত কাঁচামালের আড়ৎ দারমিলে মোট ৪০ জন সদস্য নিয়ে ২২ শে জানুয়ারি রোজ সোমবার সকাল দশটার হাফিজুর মিয়ার বাড়ির সামনে থেকে আনন্দ ভ্রমণ রওনা দিবেন বলে জানান।

দামুড়হুদায় ওরা বন্ধু সংঘ’র পক্ষ থেকে শীতবস্ত্র বিতরণ

দামুড়হুদায় ওরা বন্ধু সংঘ’র উদ্যোগে “উষ্ণতার ছোঁয়ায় আমরা,এই শীতে শীতবস্ত্র নিয়ে আপনাদের পাশে” স্লোগানকে ধারণ করে বিগত

বছরগুলোর ন্যায় এ বছরেও শীতার্ত বিধবা, গরীব, দুস্থ ও অসহায়দের মাঝে শীত বস্ত্র বিতরণ করেছেন। উপজেলার চারটি ইউনিয়নের অর্ধশতাধিক মানুষের মধ্যে শীত নিবারনের জন্য শীতবস্ত্র(কম্বল) বিতরণ করা হয়। এতে শীতার্ত ওই মানুষগুলোর মুখে ফুটেছে হাসি।

আজ শনিবার দুপুর আড়াইটার দিকে প্রতিষ্ঠানটির অস্থায়ী কার্যালয়ে ওই শীতবস্ত্র বিতরণ কর্মসূচি পালন করা হয়।

ওরা বন্ধু সংঘ’র” প্রতিষ্ঠাতা সভাপতি সাংবাদিক মুরশেদ বীন ফয়সাল(তানজীর) এর সভাপতিত্বে বিতরণ কালে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা শ্রমিকলীগের সভাপতি বিশিষ্ট সমাজ সেবক হাজী মো.আব্দুল কাদির।

শীতার্ত অসহায় মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ সত্যিই আনন্দের এমন অনুভূতি প্রকাশ করে অসহায় গরীব, বিধবা দরিদ্র মানুষের কল্যানে কাজ করার জন্য “ওরা বন্ধু সংঘ” র ভূয়সী প্রশংসা করে তিনি বলেন,শীতের সময়ে বিভিন্ন স্থানে বস্ত্রহীন মানুষের দেখার মত মানুষের সংখ্যা কমই রয়েছেন। অবশ্য সেবামূলক এই সংগঠনটির সাথে নিজেকে দীর্ঘদিন জড়িত রেখে বুঝেছি,সংগঠনটির সকল কার্যক্রম সত্যিকার অর্থে প্রসংশার দাবি রেখে চলেছেন,এজন্য আয়োজকদেরকে জানাচ্ছি অভিনন্দন।

তিনি আরও বলেন, কনকনে শীত দরিদ্র জনগোষ্ঠীর উপর বিরূপ প্রভাব ফেলে সমাজের অসহায় মানুষগুলোকে আরও অসহায়ত্ব করে তোলেন।এই শীতে শীতার্ত অসহায় দরিদ্র মানুষের প্রতি সমাজের সামর্থ্যবান মানুষের সাহায্য সহানুভূতির হাত সম্প্রসারিত করে এসকল মানুষেরমাঝে পর্যন্ত পরিমাণ শীতবস্ত্র বিতরণ করে পাশে থাকাও আহবান জানিয়ে অতীতের মতোই তিনি অত্র সংগঠনটির সকল উন্নয়ন ও জনকল্যাণমূলক কার্যাক্রমে পাশে থাকার আশাব্যাক্ত করেন।

ওরা বন্ধু সংঘ’র উপদেষ্টা শিক্ষক ও সাংবাদিক মো. হাফিজুর রহমান কাজলের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী প্রকৌশলী মো.ইমরান হোসেন,দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি মো: মাকসুদুর রহমান রতন। সংগঠনের সমাজ কল্যান বিষয়ক সম্পাদক সাংবাদিক মিরাজুল ইসলাম মিরাজ,সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক মো: নেছার আহমেদ সহ সংগঠনটির সদস্যগণ।